দৈনিক খবর
তারিখ 01 JUN 1991
পৃষ্ঠা ২ কলাম ২

65

৬৫

### ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ ।। গুলী বোমা ঃ অগ্নিসংযোগ

# ৃষি বিশ্ববিদ্যালয় অনির্দি
# কালের জন্য বন্ধ ঘোষণা

ময়মনসিংহ, ৩১শে মে (নিজস্ব সংবাদদাতা)।– জাতীয়
ছাত্রদল ও ছাত্রলীগের (শা-অ) সংঘর্ষের জের হিসেবে ময়ম
কৃষি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও
ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। দীর্ঘ সং
ব্যাপক গোলাগুলী, বোমাবাজি, কক্ষ ভাঙচুর ও অগ্নিসংযে
হয়েছে। জানা গেছে, গত বৃহস্পতিবার দিবাগত রা
বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে টেলিভিশন ও ভিসিআর
ঘটনাকে কেন্দ্র করে সংঘর্ষ শুরু হয়। রাত প্রায় ৯টায় সং
হয়ে উভয় পক্ষের মধ্যে আজ শুক্রবার সকাল ১১টা পর্য
টিএসসি এলাকায় শুরু হয়ে সংঘর্ষ ক্রমে বিভিন্ন হলে ছড়ি
এবং উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া, গুলীবর্ষণ,
বিষ্ফোরণ চলে। প্রায় শতাধিক কক্ষ ভাঙচুর ও মা
অগ্নিসংযোগ করা হয়। সংঘর্ষকালে মারাত্মক আহত তি
ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হ
উভয় পক্ষে ব্যাপক সংঘর্ষের প্রেক্ষিতে আজ দুপুরে বিশ্ব
সিন্ডিকেট এক জরুরী সভায় মিলিত হয়ে বিশ্ব
অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও তাৎক্ষণিকভাবে ছাত্র-
আবাসিক হল ত্যাগের নির্দেশ দেয়। কর্তৃপক্ষের নির্দেশম
ছাত্রীরা হল ছেড়ে চলে গেছে বলে আমাদের সংবাদদাতা জ